

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বিআরটিসি অধিশাখা
www.rthd.gov.bd

‘প্রতিটি জেলা ও উপজেলায় একটি করে ৫৬০টি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন (১ম সংশোধিত)’ শীর্ষক প্রকল্পের আওতায় মডেল মসজিদ নির্মাণের লক্ষ্যে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অধীনস্থ সড়ক ও জনপথ অধিদপ্তরের ৫টি স্থানের জমি/স্থান ব্যবহার ও এতদসংক্রান্ত প্রস্তাব/নকশা পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি : ড. মোঃ কামরুল আহসান
যুগ্ম-সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
তারিখ : ২১-০৩-২০১৯ খ্রিস্টাব্দ
সময় : ০২ : ০০ ঘটিকা
স্থান : সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এর সভাকক্ষ।
উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। শুরুতেই এ বিভাগের সম্পত্তি শাখা হতে জারিকৃত অফিস আদেশের আলোকে ‘প্রতিটি জেলা ও উপজেলায় একটি করে ৫৬০টি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন (১ম সংশোধিত)’ শীর্ষক প্রকল্পের আওতায় মডেল মসজিদ নির্মাণের লক্ষ্যে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অধীনস্থ সড়ক ও জনপথ অধিদপ্তরের মানিকগঞ্জ, কিশোরগঞ্জ, খুলনা, গাজীপুর এবং কক্সবাজার এই ৫টি সড়ক বিভাগের জমি/স্থান হস্তান্তর সংক্রান্ত প্রস্তাব/তথ্যাদি সভায় উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীগণকে অনুরোধ জানান।

০২। নির্বাহী প্রকৌশলী, সওজ মানিকগঞ্জ বলেন যে, জেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র নির্মাণের লক্ষ্যে মানিকগঞ্জ জেলা শহরে মানিকগঞ্জ বাসস্ট্যান্ড হতে বেউথা সড়কের পশ্চিমে সওজ বিভাগের নামীয় উত্তর সেওতা মৌজায় আর এস ৪ নং খতিয়ানের ৮৮ নং দাগের ০.২২৭৩একর জমি যোগাযোগ বিভাগের নামীয়, আর,এস ২ নং খতিয়ানের ৮২ দাগের ০.২০২০ একর ভূমি একুনে ০.৪২৯৩ একর ভূমি প্রাথমিকভাবে জেলা প্রশাসক কর্তৃক নির্বাচন করা হয়েছে। উক্ত জমির সঠিক মালিকানা কাদের সে বিষয়ে তথ্যাদি সরবরাহ করা প্রয়োজন। জেলা প্রশাসকের সাথে এ বিষয়ে আলাপ করে বর্ণিত প্রকল্পে প্রয়োজনীয় পরিমাণ জায়গা/স্থান নির্বাচন করে অনাপত্তি প্রদানের বিষয়ে ব্যবস্থাগ্রহণ প্রয়োজন।

সিদ্ধান্তঃ নির্বাহী প্রকৌশলী, সওজ, মানিকগঞ্জ জেলা প্রশাসক মানিকগঞ্জ এর সাথে আলাপ করে প্রয়োজনীয় পরিমাণ জায়গা/স্থান নির্বাচন করে অনাপত্তি প্রদান করবেন।

০৩। নির্বাহী প্রকৌশলী, সওজ কিশোরগঞ্জ বলেন, ‘প্রতিটি জেলা ও উপজেলায় একটি করে ৫৬০টি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন (১ম সংশোধিত)’ শীর্ষক প্রকল্পের আওতায় মডেল মসজিদ নির্মাণের লক্ষ্যে কিশোরগঞ্জ সদর উপজেলায় মহীনন্দন কান্দা নামক স্থানে মডেল মসজিদ নির্মাণের প্রস্তাব করা হয়েছে। প্রস্তাবিত স্থানের ৩টি দাগের মধ্যে সড়ক ও জনপথ অধিদপ্তরের জমির দাগ নম্বর ৩৭৪৯ যা বর্তমানে পতিত ও অব্যবহৃত অবস্থায় আছে। উক্ত দাগে সর্বমোট ০.৮৫ শতক জমি রয়েছে যার মধ্যে আনুমানিক ০.২১শতক জমি মডেল মসজিদ নির্মাণে প্রয়োজন হতে পারে। তিনি প্রয়োজনীয় পরিমাণ জমি ব্যবহারে বর্ণিত মডেল মসজিদ নির্মাণে অনাপত্তি প্রদান করেছেন।

সিদ্ধান্তঃ নির্বাহী প্রকৌশলী, সওজ, কিশোরগঞ্জ তার অধিক্ষেত্রভূক্ত আনুমানিক ০.২১শতক (কম/বেশি) জমি মডেল মসজিদ নির্মাণে ব্যবহারের অনাপত্তি এতদসংক্রান্ত কমিটির সদস্য-সচিব ও উপসচিব(সংস্কার) ধর্মবিষয়ক মন্ত্রণালয়কে জানিয়ে দেয়া যেতে পারে।

৪। নির্বাহী প্রকৌশলী, সওজ খুলনা বলেন, বর্ণিত প্রকল্পে মডেল মসজিদ নির্মাণের জন্য খুলনা-চুকনগর-সাতক্ষীরা আঞ্চলিক মহাসড়কের ১৬তম কিলোমিটারে ডুমুলিয়া মৌজায় সিএস ২৩২, ২৩৩ ও ২৩৪ দাগের অধিগ্রহণকৃত জমিতে প্রস্তাবিত মডেল মসজিদ নির্মাণ করা যায়। তিনি এ বিষয়ে একটি নকশা পর্যালোচনা করে ডুমুলিয়া মৌজার ২৩৩ নং দাগ হতে সর্বমোট ০.৪৩ একর জমি মডেল মসজিদ নির্মাণে অনাপত্তি প্রদান করেন।

সিদ্ধান্তঃ নির্বাহী প্রকৌশলী, সওজ, খুলনা এর আওতাধীন ডুমুলিয়া মৌজার ২৩৩ নং দাগ হতে সর্বমোট ০.৪৩ একর জমি মডেল মসজিদ নির্মাণে ব্যবহারের অনাপত্তি এতদসংক্রান্ত কমিটির সদস্য-সচিব ও উপসচিব(সংস্কার) ধর্মবিষয়ক মন্ত্রণালয়কে জানিয়ে দেয়া যেতে পারে।

৫। নির্বাহী প্রকৌশলী, সওজ গাজীপুর বলেন, মাওনা-ফুলবাড়ীয়া-কালিয়াকৈর-ধামরাই-নবীনগর সড়ক এবং কালিয়াকৈর পুরাতন মহাসড়কে (জয়দেবপুর-মির্জাপুর-টাঙ্গাইল) সংযোগ স্থলে সওজ অধিগ্রহণকৃত ১৩ শতাংশ ভূমির উপর বর্তমানে একটি মসজিদ রয়েছে। বিদ্যমান এ মসজিদ হতে পশ্চিম ও দক্ষিণ কোনে সওজ অধিগ্রহণকৃত আরও জমি রয়েছে। তিনি মাওনা-ফুলবাড়ীয়া-কালিয়াকৈর-ধামরাই-নবীনগর সড়ক এর পশ্চিম পার্শ্বে এবং কালিয়াকৈর পুরাতন মহাসড়কের উত্তর পার্শ্বে দুই মহাসড়ক হতে পশ্চিম ও দক্ষিণে সওজ এর অধিগ্রহণকৃত জমি হতে ০.৪০ একর জমিতে প্রস্তাবিত মডেল মসজিদ নির্মাণ করা যায়। তিনি এ বিষয়ে বর্ণিত স্থানে মডেল মসজিদ নির্মাণের একটি নকশা উপস্থাপন করে প্রয়োজনীয় পরিমাণ জমি মসজিদ নির্মাণে অনাপত্তি প্রদান করেন।

সিদ্ধান্তঃ নির্বাহী প্রকৌশলী, সওজ, গাজীপুর এর অনাপত্তিকৃত সর্বমোট ০.৪০ একর জমি মডেল মসজিদ নির্মাণে ব্যবহারের অনাপত্তি এতদসংক্রান্ত কমিটির সদস্য-সচিব ও উপসচিব(সংস্কার) ধর্মবিষয়ক মন্ত্রণালয়কে জানিয়ে দেয়া যেতে পারে।

৬। নির্বাহী প্রকৌশলী, সওজ কক্সবাজার বলেন, কক্সবাজার সড়ক বিভাগের আওতাধীন ১৪৯ রায়, কক্সবাজার রায় কলেজ সংলগ্ন মসজিদটি সওজ এর অধিগ্রহণকৃত ৪০ শতক ভূমির উপর অবস্থিত। সম্প্রতি সড়কটি ৪লেনে উন্নীত করার সার্ভে কাজ সম্পন্ন হয়েছে। 'প্রতিটি জেলা ও উপজেলায় একটি করে ৫৬০টি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন (১ম সংশোধিত)' শীর্ষক প্রকল্পের আওতায় মডেল মসজিদ নির্মাণের লক্ষ্যে এ সড়কে কোন পর্যাপ্ত ভূমি নেই। এমনকি জাতীয় মহাসড়কের ৪লেনে উন্নীত করার জন্য ভবিষ্যতে আরও জমির প্রয়োজন হতে পারে। এ সড়কের আশে পাশে প্রস্তাবিত মডেল মসজিদ নির্মাণ করার মতো কোনো জায়গা সওজ অধিদপ্তরের নেই। এ বিষয়ে স্থানীয় উপজেলা নির্বাহী কর্মকর্তার সাথে আলোচনাক্রমে/ তার মতামতের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যায়।

সিদ্ধান্তঃ নির্বাহী প্রকৌশলী, সওজ, কক্সবাজার এর অধিক্ষেত্রের আওতাধীন কোনো স্থানে বর্ণিত মডেল মসজিদ নির্মাণের স্থান সংকুলান না হওয়ায় প্রস্তাবিত মসজিদ নির্মাণের স্থান নির্বাচনের বিষয়ে স্থানীয় উপজেলা নির্বাহী কর্মকর্তার মতামত গ্রহণ করে নির্বাহী প্রকৌশলী, সওজ কক্সবাজার এ বিভাগকে অবহিত করবেন।

০৭। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

(ড. মোঃ কামরুল আহসান)

যুগ্ম-সচিব